

## কওমি মাদ্রাসা শিক্ষা আইন সংসদে পাস হলে হেফাজতের কঠিন কর্মসূচি

■ উম্মা (কল্লবাজার) সংবাদদাতা  
কওমি মাদ্রাসা শিক্ষা কর্তৃপক্ষ আইন-  
২০১৩' পাসের নামে ঐতিহ্যবাহী  
কওমি শিক্ষার দ্বারকে শুল্কদাবক  
করার উদ্যোগ থেকে সরকারকে  
বিরুদ্ধে এবং হেফাজত ইসলামের  
যৌথিত ১৩ দফা বাস্তবায়নের দাবিতে  
কেন্দ্রীয় কর্মসূচির আওতায় প্রধানমন্ত্রী  
বসুবার ইউএনওর মাধ্যমে  
স্মারকলিপি প্রদান করেছেন উম্মা  
উপজেলা হেফাজতে ইসলামের  
নেতৃবৃন্দ। কওমি মাদ্রাসা শিক্ষা  
কর্তৃপক্ষ আইন-২০১৩ জাতীয় সংসদে  
পাস হলেও তাদের ১৩ দফা কর্মসূচি  
বাস্তবায়ন না করলে দেশব্যাপী কঠোর  
কর্মসূচি ঘোষণা করা হবে। গতকাল  
সকালে উম্মা উপজেলা নির্বাহী  
কর্মকর্তা মো. সাইফুল ইসলামের  
মাধ্যমে এ স্মারকলিপি দেওয়া হয়। এ  
সময় উপজেলা হেফাজতে ইসলামের  
সভাপতি মোহাম্মদ ইব্রাহিম, সাধারণ  
সম্পাদক মাওলানা হাফেজ  
কলিমুল্লাহ, মাওলানা হাফেজ  
ইলিয়াছ, মাওলানা হাফেজ এমদাদ,  
মাওলানা রফিক উল্লাহ, হাফেজ  
মাহমুদুল হক, মুজিত শাহ জাওয়াদ,  
মাওলানা নুরুল হক, মাওলানা জাফর  
উল্লাহ, হাফেজ কাফিল উম্মিন, হাফেজ  
আবদুল্লাহ উপস্থিত ছিলেন।

উপজেলা হেফাজতে ইসলামের  
সভাপতি মাওলানা মোহাম্মদ ইব্রাহিম  
বলেন, সরকারের কোনো অনুদান ও  
সাহায্য সহযোগিতা ছাড়া গড়ে ওঠা এ  
খালিস ধর্মীয় শিক্ষাধারা স্বাধীন ও  
খরীদে অস্তিত্ব নিয়ে পরিচালিত হয়ে  
আসছে। আশাদের দেশে কওমি  
মাদ্রাসাতলো নিয়ন্ত্রণের জন্য সরকার  
কওমি মাদ্রাসা শিক্ষা কর্তৃপক্ষ-  
২০১৩' নামে একটি আইনের খসড়া  
প্রস্তুত করে আণাঘী সংসদে পেশ  
করার প্রস্তুতি নিচ্ছে। ওই আইন  
বাস্তবায়িত হলে এদেশে কওমি  
মাদ্রাসার অস্তিত্ব বিপন্ন হবে এবং  
স্বাধীন ধর্মীয় চর্চার অপমৃত্যু ঘটবে।